রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

**বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের মার্চ ,২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের এপ্রিল ,২০১৮ মাসের মাসিক সভা ০৯/০৪/২০১৮ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভুঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় ইনোভেশন আইডিয়া উপস্থাপনকারী কর্মকর্তাবৃন্দ ও আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ ,গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা | সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়(অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত)। | প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন টিমের নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি) |
| ২ | ইনোভেশন টিম পূনঃগঠন | আরপিসিএল এর আওতাধীন রাউজান বিদ্যুৎ কেন্দ্রে বদলি জনিত কারনে খান মোঃ আব্দুর রাজ্জাক এর পরিবর্তে সহকারী প্রকৌশলী জনাব এ. কে. এম. আব্দুর রহিম কে অন্তর্ভুক্ত করে ইনোভেশন টিম পূনঃগঠন করা হয়েছে। | মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে বদলিজনিত বা যেকোনো যুক্তিসংঙ্গত কারনে ইনোভেশন টিম যথাসময়ে পুনঃগঠন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়। | সকল ইনোভেশন অফিসার |
| ৩ | প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে আলোচনা | গত সভার সিদ্ধান্ত মোতাবেক ০৬টি আইডিয়াকে অর্থবহ ও প্রাসঙ্গিক নাম যুক্ত করে টি. সি. ভি উল্লেখ করতঃ আরও বিশদভাবে প্রস্তুত করে এক সপ্তাহের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হলেও কোন তথ্য পাওয়া যায়ানি। | ইনোভেশন আইডিয়া প্রেরণকারী প্রত্যেক কর্মকর্তাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | SIP নিয়ে আলোচনা | আরপিসিএল এর APA তে উদ্ভাবনী উদ্যোগ ও SIP(Small Improvement Project) এর লক্ষ্যমাত্রা ২৫ টি । এ লক্ষ্যমাত্রা পূরনের লক্ষ্যে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র থেকে ৮টি করে SIP গ্রহণ করার জন্য আহবান জানানো হলেও অদ্যবধি অগ্রগতি সন্তোষজনক নয়। | আগামী জুন , ২০১৮ মাসের মধ্যে SIP লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে SIP ফরম পূরন পূর্বক অনুমোদন সাপেক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকলকে আহবান জানানো হয়। | সকল ইনোভেশন অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৪/১৮

(মোঃ সেলিম ভূঁইয়া)
ইনোভেশন অফিসার
ও
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩. ৬৭১ তারিখঃ ০৯/০৪/২০১৮ ইং

সংযুক্তি ঃ

১. আরপিসিএল এর ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার এপ্রিল , ২০১৮ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা ।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রনালয় , ঢাকা। ।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্রগ্রাম ।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) ঃ

১. সকল ইনোভেশন অফিসার, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-২,৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২. সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১,৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন,কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ঠ প্রোগ্রামারের ই- মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )

অদ্য ০৯-০৪-২০১৮ তারিখ রোজ রবিবার বেলা ১২:০০ ঘটিকায় ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নাম ও সাক্ষরঃ

| ক্রঃ নং | নাম, পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মোঃ সেলিম ভুঁইয়া, পিইঞ্জ<br>নির্বাহী পরিচালক, প্রকৌশল,<br>ইনোভেশন অফিসার,ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০২। | প্রলয় কুমার সাহা<br>জেনারেল ম্যানেজার (হিসাব/অর্থ) এবং<br>নির্বাহী পরিচালক, অর্থ (অঃ দাঃ),<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৩। | কামাল হোসেন<br>ব্যবস্থাপক (মানব সম্পদ),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৪। | শহীদুল ইসলাম<br>উপ- বিভাগীয় প্রকৌশলী,<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৫। | মোঃ আব্দুল বাতেন<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৬। | মোঃ সারোয়ার জাহান<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |